

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৯৪

মোহনপুর, ২৯ নভেম্বর, ২০২৩

ভোটার তালিকার বিশেষ সংশোধনী

মোহনপুর মহকুমায় সচেতনতামূলক সভা

ভোটার তালিকার বিশেষ সংশোধনী নিয়ে আজ মোহনপুর মহকুমায় এক সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়। মোহনপুরস্থিত স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ে সিস্টেমটিক ভোটার্স এডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন সম্পর্কিত এই সচেতনতামূলক সভার আয়োজন করা হয়। সভায় নতুন ভোটারদের ভোটার তালিকায় নাম নথিভুক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন পশ্চিম জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা সুভাষ চন্দ্র সাহা। সভায় নতুন ভোটারদের নাম নথিভুক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের এপিডি বিপুল কর্মকার। তাছাড়াও সচেতনতামূলক এই সভায় সিস্টেমটিক ভোটার এডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন নিয়ে আলোচনা করেন মিঠুন দেববর্মা, ঋত্বিকা মজুমদার, মোহনপুর মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক দেবযানী চৌধুরী, স্বামী বিবেকানন্দ কলেজের অধ্যক্ষ ড. হারাধন সাহা। সভায় নির্বাচন সংক্রান্ত বিষয় নিয়ে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।
